

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সাম্মানিক বাংলা

সেমিস্টার : ১ : কোর্স : ১ (H-1)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো এবং বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব-নিরূপণ করো। ৭+৩=১০
- ২। পদাবলী সাহিত্যে চণ্ডীদাসের গুরুত্ব আলোচনা করো। ১০
- ৩। কৃতিবাসী রামায়ণে প্রাপ্ত আত্মবিবরণীর পরিচয় দিয়ে কাব্যে প্রতিফলিত বাঙালিয়ানার পরিচয় দাও। ৪+৬=১০

একক - ২

- ৪। চৈতন্যজীবনী সাহিত্য হিসাবে বৃন্দাবন দাস এবং কৃষ্ণদাস কবিরাজের রচনা একে অন্যের পরিপূরক।— আলোচনা করো। ১০
- ৫। মনসামঙ্গল কাব্যধারায় কবি কেতকাদাস ক্ষেমানন্দের স্থান নির্ণয় করো। ১০
- ৬। দৌলত কাজির একমাত্র কাব্যের কাহিনিটি সংক্ষেপে নিজের ভাষায় লেখো। এই কাব্য রচনায় তাঁর মৌলিকত্ব কোথায় বুঝিয়ে দাও। ৪+৬=১০

একক - ৩

- ৭। শিবায়ন কাব্যসৃষ্টিতে রামেশ্বর ভট্টাচার্যের কবিপ্রতিভা নিরূপণ করো। ১০
- ৮। ধর্মমঙ্গল কাব্য বিশ্লেষণ করে ঘনরাম চক্রবর্তীর কবিপ্রতিভার বিশিষ্টতা উল্লেখ করো। ১০
- ৯। 'ভক্তের আকৃতি' পর্যায়ের পদসমূহে সমকালীন বঙ্গদেশের প্রেক্ষিতে সাধক মনের চিরন্তন আকৃতি কতখানি প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ করো। ১০

- ১০। টীকা লেখো (যে-কোনো দুটি) : ২×৫=১০

- (ক) শ্রীকৃষ্ণকীর্তন
(খ) শ্রীকৃষ্ণবিজয়
(গ) বলরাম দাস
(ঘ) বিজয়া
(ঙ) কবি বংশীদাস
(চ) জীবনকৃষ্ণ মৈত্র